



বাংলাদেশ কনস্যুলেট জেনারেল  
ইস্তান্বুল, তুরস্ক

### সংবাদ বিজ্ঞপ্তি

ইস্তান্বুল, ১৯ আগস্ট ২০২২: ইস্তান্বুলে নিযুক্ত বাংলাদেশ কনসাল জেনারেল মোহাম্মাদ নুরে-আলম গত ১৮ আগস্ট ২০২২ তারিখে ইস্তান্বুলের মেয়র ইক্রেম ইমামওলু এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

সাক্ষাতকালে উভয়ে বাংলাদেশ-তুরস্ক এর মধ্যকার বিরাজমান সৌহার্দ্যপূর্ণ সম্পর্কের কথা উল্লেখ করেন। মেয়র ইক্রেম ইমামওলু ঢাকা সিটিকর্পোরেশন ও ইস্তান্বুল মেট্রোপলিটন মিউনিসিপালিটির মধ্যে নাগরিক সেবা, পরিবহণ ব্যবস্থার উন্নয়ন, বজ্র্য-ব্যবস্থাপনা ও সৌন্দর্য-বর্ধন সহ বিভিন্ন বিষয়ে প্রাতিষ্ঠানিক সহযোগিতা ও অংশীদারিত্ব বৃদ্ধির প্রস্তাবনা দেন। তিনি কনসাল জেনারেলের মাধ্যমে ঢাকা সিটিকর্পোরেশনের মেয়রকে ইস্তান্বুল সফরের আমন্ত্রণ জানান। জবাবে কনসাল জেনারেল নুরে-আলম মেয়র ইমামওলুকে সুবিধাজনক সময়ে ঢাকা সফরের নিমন্ত্রণ জানান। কনসাল জেনারেল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের গৌরবময় জীবন-সংগ্রাম ও কীর্তি কে ইস্তান্বুলে আরো বড় পরিসরে পরিচিত করিয়ে দেওয়ার জন্য মেয়রের সহযোগিতা কামনা করেন।

মেয়র ইক্রেম ইমামওলু বলেন, দু'দেশের জনগণের মধ্যে ভ্রাতৃপ্রতীম ও ঐতিহাসিক সম্পর্ক রয়েছে। তিনি ইস্তান্বুলে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের সেবা প্রদানে বাংলাদেশ কনস্যুলেটের কর্মকান্ডে সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস দেন।

কনসাল জেনারেল নুরে-আলম মেয়রকে বাংলাদেশের ঐতিহ্যবাহী নকশীকাঁথা উপহার দেন।

